ঝিনাইদহে মোটরসাইকেলের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

‎‎ঝিনাইদহের বাইপাস সড়কে মোটরসাইকেলের ধাক্কায় সিরাজুল ইসলাম
(৪৫) নামের এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

‎শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে সাড়ে আটটার দিকে ঝিনাইদহ শহরের আইয়ুব মোড় নামক বাইপাস সড়কে এ দুর্ঘটনায় ঘটে। নিহত সিরাজুল ইসলাম ঝিনাইদহ শহরের ভুটিয়ার গাতি গ্রামের আবুল মন্ডলের ছেলে। সে পেশায় একজন নির্মাণ শ্রমিক ছিলেন।

‎‎প্রতক্ষ্যদর্শীরা জানায়, সকালে ৮টার দিকে সিরাজুল নিজস্ব বাইসাইকেল নিয়ে কাজে যাচ্ছিলেন। পথিমধ্যে শহরের বাইপাস সড়কের আইয়ুব মোড়ে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে বাইসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হয়। সেসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

‎‎ঝিনাইদহ সদর থানার ওসি আসাদুজ্জামান জানান, ঘটনাস্থল থেকে মোটরসাইকেল ও বাইসাইকেল দুটি আটক করা হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন আছে।

দামুড়হুদায় পৃথক অভিযানে বাইসাইকেলসহ চোর আটক, গাঁজাসহ দুইজনের কারাদণ্ড

দামুড়হুদায় পৃথক অভিযান চালিয়ে চুরি হওয়া বাইসাইকেলসহ এক চোর, ৭ গ্রাম গাঁজাসহ দুইজন, মাদক মামলার এক আসামি ও পরোয়ানাভুক্ত এক আসামিকে গ্রেপ্তার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। পরে বাইসাইকেল চুরির ঘটনায় গ্রেপ্তার ব্যক্তি ও গাঁজাসহ দুইজনকে

ঝিনাইদহে দুর্নীতি বিরোধী বাইসাইকেল র্যালী

দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা বাড়াতে ঝিনাইদহে সাইকেল র্যালি অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে শহরের আজাদ রেস্ট হাউজের সামনে থেকে ইয়েস গ্রুপের আয়োজনে এক র্যালী বের করা হয়।

র্যালিতে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশ নেয়। র্যালীটি শহরের পায়রা চত্বর হয়ে, হামদহ ঘুরে, আরাপপুর হয়ে পোস্ট অফিসে মোড়ে গিয়ে শেষ হয়। এর আগে অনুষ্ঠানের উদ্বোধন করেন সনাকের সভাপতি এম সাইফুল মাবুদ। সেসময় উপস্থিত ছিলেন সনাকের সদস্য এন এম শাহজালাল, নাসরিন ইসলামসহ অন্যান্যরা।

আয়োজকরা আশা করেন, এই সাইকেল র্যালির মাধ্যমে দুর্নীতির বিরুদ্ধে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা আরও বৃদ্ধি পাবে এবং সবাই মিলে দুর্নীতিমুক্ত সমাজ গড়তে একসঙ্গে কাজ করবে।

গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষ, শিক্ষার্থী নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী (১৫) নামের এক শিক্ষার্থী নিহত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া–কচুইখালী সড়কে এই দুর্ঘটনা ঘটে।

জাভেদ আলী গাংনী উপজেলার কসবা গ্রামের শাহিন আলীর ছেলে।

স্থানীয়রা জানিয়েছেন, ভাটপাড়া ও কচুইখালির মধ্যবর্তী জায়গায় মোটরসাইকেল ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। সেখানেও তার অবস্থা আরও অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

ঢাকায় নেওয়ার পথে আজ সোমবার (৩১ মার্চ) ভোররাতে ঢাকার অদূরে তার মৃত্যু হয়।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাইল জানিয়েছেন, দুর্ঘটনার সংবাদ পেয়েছি। আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ঝিনাইদহে বাস চাপায় বাইসাইকেল আরোহীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বাস চাপায় খোকন তরফদার (৫৫) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছে।

বুধবার (২৬ মার্চ) সকাল ৮টার দিকে উপজেলার তালেশ্বর বাজার এলাকায় এ ঘটনা ঘটে। নিহত খোকন তরফদার উপজেলার শাহাপুর ঘিঘাটি গ্রামের বাহার আলী তারফদারের ছেলে।

স্থানীয়রা জানায়, খোকন তরফদার বাইসাইকেল যোগে বাড়ি থেকে তালেশ্বর বাজারের দিকে আসছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুর থেকে ছেড়ে আসা মামুন পরিবহনের একটি বাস তাকে চাপা দিলে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার ওসি শহিদুল ইসলাম হাওলাদার বলেন, কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ ময়না তদন্ত ছাড়ায় স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে

প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে সেলাইমেশিন ও বাইসাইকেলে বিতরণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উদযাপন উপলক্ষ্যে নারীদের কর্মসংস্থান তৈরি জন্য সেলাইমেশিন ও শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার লক্ষে বাইসাইকেলে বিতরণ করা হয়েছে।

আজ রবিরার বিকালে প্রয়াত ছাত্র নেতা কামরুজ্জামান স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে এসকল উপকরণ বিতরণ করা হয়।

সাবেক ছাত্র নেতা শাহিদুজ্জামান শিপুরর নিজ কার্যলয়ে ৩৭ জন নারীকে সেলাই মেশিন ও ৩২ জন শিক্ষার্থীকে বাইসাইকেল উপহার দেওয়া হয়। মরহুম কামরুজ্জামান স্মৃতি ফাউন্ডেশনের সভাপতি জিয়াউল ইসলামের সভাপতিত্বে সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুরজ্জামান খোকন ।

এসময় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন বলেন, একটি সেলাইমেশিন দিয়ে একটি পরিবারের খাবার তুলে দেয়া সম্ভব। ছাত্র-ছাত্রীদেরকে বাইসাইকেল প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিত হতে উৎসাহিত করবে। সারা বাংলাদেশের সামগ্রিক কল্যাণের মত গাংনীকে এগিয়ে নেয়ার জন্য কাজ করে যাচ্ছে আওয়ামীলীগ। প্রতিটা মানুষের ভালবাসায় সিক্ত হোক গাংনীর মানুষ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এডঃ ইব্রাহীম শাহীন,উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাস্টার মনিরুজ্জামান, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মী ও সহযোগী সংগঠনের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

দৌলতপুরে শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা পরিষদের বার্ষিক কর্মসূচির আওতায় বিভিন্ন এলাকার দরিদ্র ও মেধাবী ছাত্রীদের মাঝে বাই-সাইকেল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে বাই-সাইকেল বিতরণ করা হয়।

সাইকেল বিতরণ শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. এজাজ আহমেদ মামুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা এলজিইডি উপ-সহকারী প্রকৌশলী মো. আজিজুল ইসলাম। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপকারভোগী শিক্ষার্থীদের উদ্দেশ্য উপজেলা পরিষদ চেয়ারম্যান এড. এজাজ আহমেদ মামুন বলেন, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় এই সোনার বাংলা এগিয়ে যাচ্ছে।

তারই ধারাবাহিকতায় গ্রামের প্রত্যন্ত এলাকায় নারী শিক্ষার মান ধরে রাখতে অসহায় গরীব মেধাবী শির্ক্ষার্থীদের এই সাইকেল উপহার দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে উপজেলা বিভিন্ন এলাকার ১৮ জন ছাত্রীদের মাঝে বাই-সাইকেল বিতরণ করা হয়।

গাংনীর কাথুলী ইউনিয়নে শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল

ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ ও হ্যান্ড মাইক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুর ১.৩০ মিনিটের সময় কাথুলী ইউনিয়ন পরিষদের মিলনায়তন কক্ষে ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় মেধাবী শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল কুতৃবপুর স্কুল এন্ড কলেজ-এ আইপিএস ও ল্যাপটপ,ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, প্রিন্টার ও হ্যান্ড মাইক বিতরণ কার্যক্রম অনুস্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সরোয়ার হোসেন (ডি এফ এল জি এস পি-৩) মেহেরপুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যাক্ষ (ভারপ্রাপ্ত) হাফিজুল ইসলাম। উপস্থিত ছিলেন ইউপি সদস্য আশরাফুল ইসলাম, ইউ পি সদস্য বাবলু হোসেন,হুসাইন মাহমুদ,ইউপি সদস্য আজমাইন হোসেন,মহিলা ইউপি সদস্য ঝর্না বেগম,আরিফা খাতুন,ফরিদা খাতুন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।